শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

যীশু এক মহান শিক্ষক

লেখক: Edward Hughes
চিত্রাংকন: Byron Unger; Lazarus
অভিযোজন: E. Frischbutter; Sarah S.
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2015 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

যীশু একজন
মহান শিক্ষক ছিলেন।
সর্বসময়ের জন্য শ্রেষ্ঠ। জনতা তার কথা
শুনত। যীশু তাদের বলেছিলেন দয়াশীল,
ভালো, করুণাময় হতে। হতে পারে অন্যরা
তাদের ঘৃণা ও আঘাত করে, কিন্তু
ঈশ্বর তাদের দেখাশোনা করবেন।

যীশু অনেক কিছু শিখিয়েছিলেন। তিনি বলেছিলেন ঈশ্বরের লোকরা জগৎকে আলো দেখাবে, যেমন একটি মোমবাতি ঘরকে আলো দেয়। অন্ধকার ঘরে একটি মোমবাতি কতটা তফাৎ তৈরি করে।

যারা “চোখের পরিবর্তে চোখ, দাঁতের পরিবর্তে দাঁত” নেওয়ার প্রতিশোধে বিশ্বাস করত, যীশু তাদের দয়া, ক্ষমা এবং প্রেম করতে শিখিয়েছিলেন। এমনকি শত্রুদের প্রতিও।



যীশুর সময়ে কিছু লোক পবিত্র হওয়ার ভান করত। যখন কোনও গরিব লোককে তারা পয়সা দিত, অন্য একটি লোক ডঙ্কা বাজাত, যাতে অন্যেরা তা দেখতে পায়। কিন্তু যীশু বললেন, “তোমরা চুপিচুপি দান কর, ঈশ্বর তোমাদের পুরস্কৃত করবেন”।

ঠিক সেইভাবে তিনি প্রার্থনার বিষয়ে বললেন। কিছু লোকেরা ব্যস্ত রাস্তার ধারে প্রার্থনা করে, যাতে সকলে তাকে দেখতে ও শুনতে পায়। তারা ঈশ্বর সম্বন্ধে মনোযোগ দিত না। অন্যরা তাদের বিষয়ে কী ভাবছে, তারা সেই বিষয়ে মনোযোগ দিত। যীশু তাদের ভণ্ড বা অভিনেতা বলতেন।

শিষ্যদের কাছে ব্যাখ্যা করার জন্য যীশু প্রায়ই উপমা ব্যবহার করতেন। উদাহরণস্বরূপ, তিনি পাখির উপমা দিতেন।

তিনি বললেন, “তোমার স্বর্গীয় পিতা ওদের খাদ্য দেন, উদ্বিগ্ন হোয়ো না, ঈশ্বর তোমাকেও খাদ্য জোগাবেন”।

যীশু বলে চললেন, “লিলি ফুল যেমন পরে, ধনী রাজা শলোমনও এত ভালো কাপড় পরত না। যদি ঈশ্বর মাঠের ঘাসকে বস্ত্র দেন, তিনি কি তোমাকে কাপড় দেবেন না”। যিনি আমাদের প্রয়োজন মেটান, সেই ঈশ্বরকে বিশ্বাস করা সম্বন্ধে যীশু লোকদের শিক্ষা দিয়েছিলেন।

যীশু বললেন, “তুমি যদি তোমার ভাইকে বিচার কর, তাহলে এটা ঠিক যেন তুমি তার চোখের ভিতরের ধুলোর কণা বার করছ, যখন তোমার চোখের মধ্যে কড়িকাঠ রয়েছে”। বোধহয় লোকেরা ফিকফিক হাঁসছিল, কিন্তু তার অর্থটা তাদের চিন্তা করতে হবে।





যীশু বললেন, সাহায্যের জন্য ঈশ্বরের কাছে বল। ক্ষুধার্ত সন্তান যখন তার বাবার কাছে রুটি চায়, তখন কি বাবা তাকে পাথর দেয়? না! তারা ভালো জিনিসই দেন। যারা ঈশ্বরের কাছে চায়, তিনি তাদের ভালো জিনিসই দেন।

যীশু, ভণ্ড শিক্ষকদের থেকে সাবধান করলেন, “তারা মেষশাবকের বেশ ধরে, কিন্তু ভেতরা তারা কেন্দুয়ার মতো”। তিনি বললেন, ভণ্ড শিক্ষকরা তাদের জীবনযাত্রা দ্বারাই পরিচিত হবে।



একটি গল্পের মাধ্যমে যীশু বললেন, যারা ঈশ্বরের বাক্য মান্য করে, তারা এমন একজন মানুষের মতো, যে পাথরের উপর তার ঘর বানায়। এক ভয়ঙ্কর ঝড় উঠল। ঝড় যখন থামল, তখনও ঐ ঘরটি স্থির হয়ে দাঁড়িয়ে রইল।

কিন্তু একটি বোকা মানুষ বালির উপর ঘর বানালো। যখন তার উপরে ঝড় এল, দুর্বল গাঁথনির জন্য ঘরটা ভেঙ্গে পড়ল। যীশু বললেন, যারা ঈশ্বরের বাক্য মান্য করে না, তারা ঐ লোকটার মতো।



যীশুর বাক্যেতে লোকেরা অবাক
হয়ে গেল। এর আগে তারা এইরকম
শোনেননি। এখন তারা জানতে পেরেছে
যে, ঈশ্বরের বাক্য শোনা যথেষ্ট নয়,
সেগুলিকে মান্যও
করতে হবে।

যীশু এক মহান শিক্ষক

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

মথি ৫-৭; লুক ৬

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬